

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৯৮.১৬.০১০.২০২২-২০৪

তারিখ: ১ কার্তিক ১৪২৯

১৭ অক্টোবর ২০২২

বিষয়: দাকোপ উপজেলা পরিষদের হাট-বাজার ইজারাকৃত অর্থ বন্টন/ জমা এবং কোয়ার্টারের বরাদ্দ ও ভাড়া বকেয়া প্রসঙ্গে।

সূত্র: ডিডিএলজি, খুলনা এর স্মারক নং-৫৫, তারিখ: ২৮/০৮/২০২২খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে -

(ক) দাকোপ উপজেলা পরিষদের কোয়ার্টার বরাদ্দ ব্যতীত বসবাস এবং ভাড়া বকেয়ার বিস্তারিত তথ্যসহ ব্যাখ্যা প্রদান:

(খ) বাংলা ১৪২৯ সনে ইজারাকৃত ৯টি হাট-বাজারের ইজারাকৃত অর্থ বিদ্যমান নীতিমালা অনুযায়ী সংশ্লিষ্ট খাতে বন্টনের তথ্যাদি (প্রমানকসহ) এবং অবশিষ্ট ৫টি হাটের খাস কালেকশনে আদায়কৃত অর্থের হিসাব; এবং

(গ) কামারখোলা ইউনিয়নের 'কালীনগর হাট' বাংলা ১৪২৯ সনে ইজারায় ১,০৫,৫২৫/-টাকা বকেয়া রেখে কোন্ নীতিমালা অনুসরণে /কোন প্রক্রিয়ায় ইজারাদারকে হাটের দখল বুঝিয়ে দেয়া হয়েছে তার প্রমানকসহ তথ্যাদি এ বিভাগকে অবহিতকরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

১৭-১০-২০২২

মোঃ শাহজালাল

সহকারী সচিব

ফোন: ০২-৫৫১০১৩০৯

ইমেইল: lgmoni2@lgd.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার, দাকোপ, খুলনা।

স্মারক নম্বর: ৪৬.০০.০০০০.০৯৮.১৬.০১০.২০২২-২০৪ /১

তারিখ: ১ কার্তিক ১৪২৯

১৭ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

- ১) জেলা প্রশাসক, খুলনা।
- ২) উপপরিচালক, স্থানীয় সরকার, খুলনা (বিষয়টি ফলোআপ করার অনুরোধসহ)।
- ৩) সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ।
- ৪) চেয়ারম্যান, উপজেলা পরিষদ, দাকোপ, খুলনা।
- ৫) প্রোগ্রামার, আইসিটি সেল, স্থানীয় সরকার বিভাগ
- ৬) মহাপরিচালক (মইই উইং) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।
- ৭) যুগ্মসচিব (মওমু) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্থানীয় সরকার বিভাগ।

১৭-১০-২০২২

মোঃ শাহজালাল

সহকারী সচিব